গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
শরীয়তপুর
(স্থানীয় সরকার শাখা)
www.shariatpur.gov.bd

## দরপত্র বিজ্ঞপ্তি

স্মারক নম্বর: ৪৬.১২.৮৬০০.০০০.০১০.১১.০০০২.২৪- ১৩৮(৪০০)

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩ / ২৬ এপ্রিল ২০২৬

২০২৫-২০২৬ অর্থবছরে শরীয়তপুর জেলার ইউনিয়ন পরিষদসমূহে কর্মরত দফাদার ও মহল্লাদারদের নিম্নে উল্লিখিত 'খ' তফশিলে বর্ণিত পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি এ কার্যালয়ে সংরক্ষিত মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নমুনা মোতাবেক সরবরাহের নিমিত্ত পোশাক/সরঞ্জামাদি প্রস্তুতকারী/ সরবরাহকারী/ ঠিকাদারের নিকট হতে নিম্নলিখিত শর্তানুযায়ী সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

### তফশিল-ক

| ক্র: নং | বিবরণ | | বিস্তারিত তথ্য |
|---|---|---|---|
| ০১. | মন্ত্রণালয়/বিভাগ | : | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| ০২. | দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান | : | জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর |
| ০৩. | ক্রয়কারী | : | জেলা প্রশাসক, শরীয়তপুর |
| ০৪. | কাজের নাম | : | ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ। |
| ০৫ | ক্রয় পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম) |
| ০৬. | অর্থের উৎস ও বরাদ্দের কোড | : | পরিচালন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত নং- ১৩৭০১০১/১২০০০১৩০৮/৩৬৩১১০৩ |
| ০৭. | দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | : | ০৭-০৫-২০২৬ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন) |
| ০৮. | দরপত্র দাখিলের তারিখ ও সময় | : | ১০-০৫-২০২৬ তারিখ, দুপুর ০১:০০ টা পর্যন্ত |
| ০৯. | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | : | ১১-০৫-২০২৬ তারিখ বেলা ১২.০০ টা উপস্থিত দরপত্র দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে)<br>স্থান: সভা কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর। |
| ১০. | দরপত্র বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা | : | ১। বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা<br>২। জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর |
| ১১. | দরপত্র গ্রহণকারী অফিসের নাম ও ঠিকানা | : | ১। বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।<br>২। জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর। |
| ১২. | দরপত্র দাতার যোগ্যতা | : | ক) দরপত্র দাতার বিগত ০৩ (তিন) বছরে প্রতি বছর ন্যূনতম ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা মূল্যের বিজিবি/পুলিশ/আনসার ও ভিডিপি/গ্রাম পুলিশ অথবা সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি পর্যায়ে পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ কাজের অভিজ্ঞতার সনদ থাকতে হবে।<br>খ) আর্থিক স্বচ্ছলতার ব্যাংক সনদসহ বিগত বছরের শেষ তিন মাসের ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা ব্যাংক তারল্যের সনদ থাকতে হবে।<br>গ) এতদসংক্রান্ত হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, টিআইএনসহ আয়কর পরিশোধের সনদ থাকতে হবে।<br>ঘ) দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত বিস্তারিত শর্তাবলীর আলোকে সরবরাহকারী/প্রস্তুতকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে যোগ্য হতে হবে। |
| ১৩. | জামানতের অর্থ | : | দরপত্রের সাথে কোন তফসিলী ব্যাংক হতে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) জামানত হিসেবে জেলা প্রশাসক, শরীয়তপুর এর অনুকূলে জমা দিতে হবে। |
| ১৪. | কার্য সম্পাদনের তারিখ | : | কার্যাদেশ জারীর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে। |
| ১৫ | দরপত্র সিডিউলের ক্রয় মূল্য | : | ৩,০০০/- (তিন হাজার) টাকা অ-ফেরতযোগ্য (ফটোকপি গ্রহণযোগ্য নয়) |

### তফশিল -খ

| ক্রমিক নং | মালামালের নাম | প্রাপ্যতার বিভাজন | মোট সংখ্যা |
|---|---|---|---|
| ১. | জামা (২টি-১টি ফুল ও ১টি হাফ নীল রং) (নারী গ্রামপুলিশদের ক্ষেত্রে নির্ধারিত পোশাক) | ৫৯৩×২ | ১১৮৬ টি |
| ২. | প্যান্ট (২টি- খাকি রং) (নারী গ্রামপুলিশদের ক্ষেত্রে নির্ধারিত পোশাক) | ৫৯৩×২ | ১১৮৬ টি |

| ক্রমিক নং | মালামালের নাম | প্রাপ্যতার বিভাজন | মোট সংখ্যা |
|---|---|---|---|
| ৩. | সোল্ডার ব্যাজ (২টি-লাল রং এর) (দফাদারদের জন্য সোল্ডার ব্যাজে কালো কাপড়ের রিবন থাকবে) | ৫৯৩×২ | ১১৮৬ টি |
| ৪. | মাথার ক্যাপ (মনোগ্রামসহ) (১টি করে) | ৫৯৩×১ | ৫৯৩ টি |
| ৫. | জ্যাকেট (নারী ও পুরুষ) (১টি করে) | ৫৯৩×১ | ৫৯৩ টি |
| ৬. | উলের জামা (পুরুষ) (১টি করে) | ৫৬৫×১ | ৫৬৫ টি |
| ৭. | রেইন কোর্ট (১টি করে) | ৫৯৩×১ | ৫৯৩ টি |
| ৮. | ট্রাউজার (১টি করে) | ৫৯৩×১ | ৫৯৩ টি |
| ৯. | গেঞ্জি (২টি করে) | ৫৯৩×২ | ১১৮৬ টি |
| ১০. | কটি (১টি করে) | ৫৯৩×১ | ৫৯৩ টি |
| ১১. | নেইম ব্যাজ (১টি করে) | ৫৯৩×১ | ৫৯৩ টি |
| ১২. | মনোগ্রাম (১টি করে) | ৫৯৩×১ | ৫৯৩ টি |
| ১৩. | কাপড়ের জুতা (১ জোড়া করে) | ৫৯৩×১ | ৫৯৩ জোড়া |
| ১৪. | মোজা (২ জোড়া করে) | ৫৯৩×২ | ১১৮৬ জোড়া |
| ১৫. | চামড়ার বেল্ট (১টি করে) | ৫৯৩×১ | ৫৯৩ টি |
| ১৬. | সাইড ব্যাগ (১টি করে) | ৫৯৩×১ | ৫৯৩ টি |
| ১৭. | ছাতা (গ্রাম পুলিশের মনোগ্রাহসহ) (১টি করে) | ৫৯৩×১ | ৫৯৩ টি |
| ১৮. | লায়নার বাঁশি (১টি করে) | ৫৯৩×১ | ৫৯৩ টি |
| ১৯. | বেতের লাঠি (১টি করে) | ৫৯৩×১ | ৫৯৩ টি |

## শর্তাবলী:

০১। দরপত্র অবশ্যই সীলমোহরযুক্ত খামে দাখিল করতে হবে এবং খামের উপর "দফাদার ও মহল্লাদারদের পোশাক ও সরঞ্জামাদি সরবরাহের দরপত্র" লিখিতভাবে উল্লেখ থাকতে হবে।

০২। দরপত্র সিডিউল ক্রয়ের সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

০৩। দরপত্রের সাথে জেলা প্রশাসক, শরীয়তপুর এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংকের ইস্যুকৃত তফসিল-ক তে উল্লিখিত মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বিহীন দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। গৃহীত দরপত্র দাতা কার্যাদেশের শর্ত মোতাবেক কাজ করতে ব্যর্থ হলে উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করে কার্যাদেশ বাতিল করা হবে।

০৪। দফাদার ও মহল্লাদারদের ব্যক্তিগত শারীরিক মাপ ঠিকাদার কর্তৃক নিজ ব্যয়ে প্রতি উপজেলা হতে সংগ্রহপূর্বক মাপ মোতাবেক পোশাক ও সরঞ্জামাদি তৈরী করে সরবরাহ করতে হবে। ঠিকাদার নিজ ব্যয়ে প্রতিটি উপজেলার গ্রাম পুলিশদের পোশাক ও সরঞ্জামাদি পৌঁছে দিবেন এবং গ্রাম পুলিশদের পোশাক পরিধানের পর তা যথাযথ হয়েছে মর্মে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়ন সংগ্রহ করবেন। উক্ত প্রত্যয়ন ব্যতীত বিল দেয়া হবে না।

০৫। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। সকল প্রকার পোশাক ও সরঞ্জামাদি নিজ ব্যয়ে ঠিকাদারকে প্রাথমিকভাবে জেলা প্রশাসকের কার্যালয়ে সরবরাহ করতে হবে। গুণগতমান যাচাইয়ের পর তা যথাযথ প্রাপ্তি সাপেক্ষে সেগুলি প্রতিটি উপজেলায় পৌঁছাতে হবে।

০৬। দরপত্রের সাথে সকল প্রকার পোশাক ও সরঞ্জামাদির ০১ (এক) পিছ/জোড়া করে এবং অন্যান্য সরঞ্জামাদির নমুনা জমা দিতে হবে। দাখিলকৃত নমুনা কোনক্রমেই ফেরতযোগ্য নয়।

০৭। দরপত্রে উল্লিখিত সকল আইটেমের মূল্য অংকে ও কথায় এবং মোট মূল্য অংকে ও কথায় স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৮। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরপত্র দরদাতা অবহিত হওয়ার তিন দিনের মধ্যে ১০% পারফরমেন্স সিকিউরিটি বাবদ জেলা প্রশাসক, শরীয়তপুর এর অনুকূলে জমা দেয়ার পর ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্পের উপর শর্ত মোতাবেক পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ করা হবে মর্মে অঙ্গীকারনামা সম্পাদন করে এ অফিসে জমা দেয়ার পর কার্যাদেশ প্রদান করা হবে ।

০৯। কার্যাদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে গৃহীত দরপত্রদাতা/ঠিকাদারকে যাবতীয় পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ করতে হবে। আংশিক মালামাল গ্রহণ বা আংশিক বিল প্রদান করা হবে না। সরবরাহকৃত পোশাক ও সরঞ্জামাদি ছোট-বড় হলে প্রয়োজন অনুসারে উহা অবহিত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে পরিবর্তন করে সঠিক মাপ মোতাবেক পুনরায় তৈরী করে দিতে হবে।

১০। গৃহীত দরপত্র দাতা কর্তৃক সরবরাহকৃত পোশাক ও সরঞ্জামাদির গুণাগুণ নিম্নমানের হলে (অনুমোদিত নমুনার চেয়ে) উহা গ্রহণ করা হবে না এবং কার্যাদেশ বাতিলপূর্বক জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

১১। গৃহীত দরপত্র দাতা/ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত পোশাক/সরঞ্জামাদি উন্নতমানের মর্মে কমিটি কর্তৃক বিবেচিত ও গৃহীত হওয়ার পর বিভাজন মোতাবেক সকল প্রকার পোশাক/সরঞ্জামাদি নিজ ব্যয়ে ঠিকাদারকে সংশ্লিষ্ট সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সরবরাহ করে প্রাপ্তি স্বীকার পত্র এ অফিসে জমা দিতে হবে।

১২। কোন ক্রমেই ত্রুটিপূর্ণ দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্র সিডিউল ও সংযুক্ত আনুষঙ্গিক কাগজপত্রের প্রতিটি পাতায় দরপত্র দাতাকে স্বাক্ষর করতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা ও ওভাররাইটিং বা অস্পষ্টতা থাকলে তা বাতিল বলে গণ্য হবে।

১৩। দরপত্রে উল্লিখিত পোশাক ও সরঞ্জামাদির পরিমাণ দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত পরিমাণের কম বা বেশি অথবা যে কোন পরিবর্তন হতে পারে। তাতে ঠিকাদার কোন আপত্তি করতে পারবেন না এবং তিনি গৃহীত মূল্যে নির্দিষ্ট সংখ্যক পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ করতে বাধ্য থাকবেন। কোন আইটেম সম্পূর্ণ বা আংশিক বাদ দিলেও ঠিকাদার কোন প্রকার আপত্তি করতে পারবেন না।

১৪। আয়কর ও ভ্যাটসহ সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য পাওনাদি বিধি মোতাবেক ঠিকাদারের চূড়ান্ত বিল হতে কর্তন করে রাখা হবে।

১৫। ঠিকাদারের বিল হতে জামানত বাবদ ১০% অর্থ কর্তন করে রাখা হবে এবং কর্তনকৃত উক্ত ১০% টাকা চূড়ান্ত বিল পরিশোধের ০৩ (তিন) মাস অতিবাহিত হওয়ার পূর্বে ফেরত প্রদান করা হবে না। উক্ত সময় অতিবাহিত হওয়ার পর পোশাক ও সরঞ্জামাদির গুণগতমান সঠিক আছে মর্মে প্রতিটি উপজেলা নির্বাহী অফিসার হতে সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে উক্ত অর্থ ফেরৎ প্রদান করা হবে।

১৬। দরপত্র সংক্রান্ত বিস্তারিত শর্তাবলী জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) হতে জানা যাবে।

১৭। দরদাতার ব্যবসায়িক সুনাম ও সততা সর্ম্পকে সংশ্লিষ্ট চেম্বার/বণিক সমিতি কর্তৃক প্রদত্ত হালনাগাদ প্রত্যয়ন পত্র, জাতীয় পরিচয়পত্রের গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি, হালানাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ ও আয়কর পরিশোধের সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১৮। গ্রাম পুলিশ/পুলিশ/বিজিবি/আনসার ও ভিডিপি সদস্যদের ন্যূনতম ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার পোশাক সরবরাহের ন্যূনতম ০৩ (তিন) অর্থবছরের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ইস্যুকৃত অভিজ্ঞতার সনদ জমা দিতে হবে।

১৯। দরপত্রদাতার হালনাগাদ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার ব্যাংক তারল্যের সনদ জমা দিতে হবে।

২০। দরপত্রদাতার ন্যূনতম সহজলভ্য সম্পদ যেমন চলতি মূলধন বা ঋণ বরাদ্দের সীমা ৭০,০০,০০০/- (সত্তর) লক্ষ টাকার সনদ/প্রমাণপত্র জমা দিতে হবে|

২১। দাখিলকৃত দরপত্রের ব্যাপারে টেন্ডার মূল্যায়ন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২২। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল ও দরপত্রের শর্ত পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/৪/২০২৬

(তাহসিনা বেগম)
জেলা প্রশাসক
শরীয়তপুর
মোবাইল: ০১৭১৫১৯৩৮৯৩
dcshariatpur@mopa.gov.bd

স্মারক নম্বর: ৪৬.১২.৮৬০০.০০০.০১০.১১.০০০২.২৪-৪৩৮(১০০)

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩ / ২৬ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার ,ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা (দরপত্র বিক্রয় ও গ্রহণের ব্যবস্থা করার অনুরোধসহ)।
০৪। জেলা প্রশাসক, ........................ (সকল)। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৫। পুলিশ সুপার, শরীয়তপুর।
০৬। সিভিল সার্জন, শরীয়তপুর।
০৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/এলজিইডি/সওজ/পাউবো/জনস্বাস্থ্য প্রকৌশল, শরীয়তপুর।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, ..................................... (সকল), শরীয়তপুর।
০৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, শরীয়তপুর।
১০। জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
১১। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, শরীয়তপুর।
১২। জেলা তথ্য অফিসার, শরীয়তপুর।
১৩। সম্পাদক, দৈনিক ভোরের দর্পণ, স্বজন টাওয়ার, ১,৪ সেগুন বাগিচা, ঢাকা-১০০০ (উপরোক্ত বিজ্ঞপ্তিটি ৩ কলাম ২০ ইঞ্চি আকারে, ভিতরের পাতায় ০১ (এক) সংখ্যা (০১ দিন) প্রকাশ করতঃ ০৫ (পাঁচ) কপি পত্রিকা ও বিজ্ঞাপন বিল প্রেরণের অনুরোধসহ)।
১৪। সম্পাদক, The Daily Bangladesh update, ১২২/৫ নিউ ইস্কাটন রোড, এডেড অটো ওয়ান সেন্টার, ঢাক-১০০০ (উপরোক্ত বিজ্ঞপ্তিটি ৩ কলাম ২০ ইঞ্চি আকারে, ভিতরের পাতায় ০১ (এক) সংখ্যা (০১ দিন) প্রকাশ করতঃ ০৫ (পাঁচ) কপি পত্রিকা ও বিজ্ঞাপন বিল প্রেরণের অনুরোধসহ)।
১৫। জনাব আমিনুল ইসলাম, জেলা প্রতিনিধি, বাংলাদেশ গ্রাম পুলিশ, শরীয়তপুর।
১৬। অফিস কপি।

২৬/৪/২০২৬

(তাহসিনা বেগম)
জেলা প্রশাসক
শরীয়তপুর